



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
মজুদ, বিক্রয় এবং ক্যাশ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৩২.১১৯.১৯.১৫৭

তারিখ: ২ ভাদ্র ১৪৩০
১৭ আগস্ট ২০২৩

বিষয়: **চাহিদাপত্রসহ সকল দাপ্তরিকপত্র প্রেরণের ক্ষেত্রে সরকারি ইমেইল এর ব্যবহার।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে সাইবার সিকিউরিটি নিশ্চিতের লক্ষ্যে মাঠ পর্যায়ের সকল দপ্তর প্রধানকে সকল খাতে চাহিদাপত্র ও দাপ্তরিক সকলপত্র প্রেরণের ক্ষেত্রে সরকারি ইমেইল ব্যবহার করে হিসাব ও অর্থ বিভাগের সরকারি ইমেইল/ইমেইলসমূহে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য সরকারি ইমেইল ব্যবহার ব্যতীত এ দপ্তরে প্রেরিত কোন পত্র গ্রহণযোগ্য হবে না।

২। বিশেষ কার্যক্রমের আওতায় কোড নং: ৪১২৪১০১- খান/চাল ফ্রয়, কোড নং: ৪১২৪১০২- গম ফ্রয় ও কোড নং: ৩২২১১০৮- ব্যাংক চার্জ খাতে অর্থ বরাদ্দের লক্ষ্যে চাহিদাপত্র প্রেরণের ক্ষেত্রে উপজেলাসমূহের চাহিদাপত্রে ফ্রয়কৃত খাদ্যশস্যের মূল্য, সম্ভাব্য ফ্রয়, ইতোপূর্বে বরাদ্দকৃত অর্থের পরিমাণ, ব্যয়ের পর অবশিষ্ট অর্থের পরিমাণ যাচাইপূর্বক উপজেলাসমূহের চাহিদা একত্রিকরণ/সমন্বয় করে জেলা খাদ্য নিয়ন্ত্রকের স্বাক্ষরে স্ব স্ব দপ্তরের সরকারি ইমেইল ব্যবহার করে daf@dgfood.gov.bd ইমেইল এ প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

বিষয়টি অতীব জরুরি বিবেচ্য।

১৭-৮-২০২৩

মোঃ মাহমুদ হাসান
পরিচালক

ফোন: +৮৮-০২-২২৩৩৮৬৩০৬

ইমেইল: daf@dgfood.gov.bd

বিতরণ :

- ১) প্রধান মিলার, ঢাকা
- ২) অঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ৩) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সাত্তাহার
সাইলো/আশুপুঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ৪) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৬) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম
- ৭) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৩২.১১৯.১৯.১৫৭/৯

তারিখ: ২ ভাদ্র ১৪৩০
১৭ আগস্ট ২০২৩

সদয় অবগতি / অবগতির জন্য :

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৩) মহাপরিচালক(প্রোড-১) এর একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৪) অফিস কপি
- ৫) মাস্টার কপি।

১৭-৮-২০২৩

মোঃ নাজমুল হক ভূঁইয়া
উপপরিচালক